

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে বিভিন্ন ফতোয়া রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয় ইব্ন আবুল্লাহ ইব্ন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১৪- জীবিতদের কোন আমল মৃতদের নিকট পৌঁছে কি?

উত্তর - যেসব আমল মৃতদের নিকট পোঁছার কথা হাদিসে এসেছে সে সব আমল পোঁছে যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন,

«إذا مات ابن آدم انقطع عمله إلا من ثلاث: صدقة جارية أو علم ينتفع به أو ولد صالح يدعوله» (رواه مسلم)

"যখন আদম সন্তান মৃত্যুবরণ করে, তখন তার সকল আমল বন্ধ হয়ে যায়, শুধু তিনটি ব্যতীত: সদকায়ে জারিয়াহ অথবা মানুষের উপকার হয় এমন এলেম অথবা নেক সন্তান যে তার জন্য দো'আ করে"। (মুসলিম) এ ছাড়া সাদকাহ, দোয়া, হজ, ওমরাহ ইত্যাদি মৃতের নিকট পৌঁছার কথা হাদিসে এসেছে। কিন্তু সালাত সিয়াম কোরআন তিলাওয়াতে তাওয়াফ ইত্যাদি মৃতদের নিকট পৌঁছার কোন প্রমাণ নেই, তাই এগুলো পরিহার করা উচিৎ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন,

«من عمل عملا ليس عليه أمرنا فهو رد» (رواه مسلم)

"যে এমন কোন কাজ করল যা আমাদের আদর্শ মোতাবেক নয়, তা পরিত্যক্ত"। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14920

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন